সংবাদ

2 9 MAR 2016
পৃষ্ঠা 18 কলাম 6

# ঢাবিতে শুরু হলো 'ভয়েস অব বিজনেস সপ্তাহ ২০১৬'

বিশ্ববিদ্যালয় বার্তা পরিবেশক

ব্যবসায় নেতৃত্বের সক্ষমতা তৈরির লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ে শুরু হয়েছে 'ভয়েস অফ বিজনেস সপ্তাহ-২০১৬'। গতকাল সকালে বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় শিক্ষা অনুষদের সম্মেলন কক্ষে চারদিনের এই আয়োজনের উদ্বোধন করেন সেন্টার ফর পলিসি ডায়ালগের ফেলো দেবপ্রিয় ভট্টাচার্য।

উদ্বোধনকালে তিনি বলেন, বর্তমান বাংলাদেশের অর্থনীতির প্রধান চালিকা শক্তি হচ্ছে কৃষক। এছাড়া যে ৮০ লাখ মানুষ বিদেশে রয়েছে, তাদের মধ্য চার লাখ শ্রমিক হিসেবে কাজ করছেন। তারা রেমিটেন্স পাঠাচ্ছেন। তাদের অবদানও কম নয়।

উদ্বোধনী অনুষ্ঠানে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ ড. কামাল উদ্দীন আহমেদ, ব্যবসায় শিক্ষা অনুষদের ডিন শিবলী রুবায়েতুল ইসলাম ও অপেরা পেট্রোলিয়াম লিমিটেডের সিইও ইশতেহাক আহমেদ প্রমুখ।

অনুষ্ঠানে ভয়েস অফ বিজনেস (ভব) ম্যাগাজিনের মোড়ক উন্মোচন করা হয়। পরে অতিথিদের সম্মানসূচক ক্রেস্ট তুলে দেন ব্যবসায় শিক্ষা অনুষদের সংগঠন 'ভয়েস অব বিজনেস' এর সদস্যরা।

চারদিনের এই আয়োজনে থাকছে সেমিনার, ইয়ুথ কার্নিভাল এবং কেইস প্রতিযোগীতা। এছাড়া ৩১ মার্চ সংগঠনের সাবেক ও বর্তমান সদস্যদের মিলনমেলার আয়োজন করা হয়েছে।